গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার

প্রধানশিক্ষকের কার্যালয়

**গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল**

**ঢাকা-১২০৫**

ই-মেইল: glabdhaka@yahoo.com, ফোন - ৪১০৬০০৫২

web site: www.glabdhaka.edu.bd

কলেজ কোড- ১১২১, স্কুল কোড– ১২২২ থানা কোড- ১৩৭ জেলা কোড-১০EIIN : ১০৭৯৬২


তারিখ : ১১/০৩/২০২৪খ্রিঃ

# জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৪ উদ্‌যাপন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রতিষ্ঠান পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতা আগামী ২১/০৩/২০২৪ তারিখ বেলা ১১ টায় অনুষ্ঠিত হবে।

জাতীয় শিক্ষা সপ্তাহ উদ্‌যাপন নীতিমালা অনুযায়ী বিভিন্ন প্রতিযোগিতার পাশাপাশি যে সকল শিক্ষার্থী শ্রেষ্ঠ শিক্ষার্থী হিসেবে এবং যে সকল শিক্ষক শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে চায় তাদেরকে নীতিমালায় উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ ২০/০৩/২০২৪ তারিখের মধ্যে প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে বলা হলো।

11-03-24

মোঃ আলমগীর হোসেন তালুকদার
প্রধান শিক্ষক
গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল,ঢাকা।

সংযুক্তি: জাতীয় শিক্ষা সপ্তাহ উদ্‌যাপন নীতিমালা ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

# জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা

(সংশোধিত ২০২৪)

দেশের প্রতিটি মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসার শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি-শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানগণের স্ব স্ব ক্ষেত্রে অবদানের স্বীকৃতি প্রদানের মাধ্যমে শিক্ষার্থী ও শিক্ষকদের মধ্যে সাংস্কৃতিক ও শিক্ষার চেতনা বৃদ্ধির লক্ষ্যে সরকার প্রতিবছর জাতীয় শিক্ষা সপ্তাহ কর্মসূচি গ্রহণ করে আসছে। উক্ত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

২.০ এ নীতিমালা **"জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা (সংশোধিত ২০২৪)"** নামে অভিহিত হবে।

৩.০ **অধিক্ষেত্র:** শিক্ষা মন্ত্রণালয়ের অধিক্ষেত্রভুক্ত মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসায় জাতীয় সহপাঠ্যক্রম ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অনুচ্ছেদ ৪.০ এ বর্ণিত ইভেন্টে প্রতিটি ক্ষেত্রে যোগ্য, মেধাবী ও শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছে এমন প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান ও শ্রেণি শিক্ষক এবং শিক্ষার্থীগণ-কে নির্বাচনের মাধ্যমে পুরস্কার প্রদান করা হবে।

৪.০ অনুচ্ছেদ ৩.০ তে বর্ণিত প্রতিষ্ঠান, ৪.১ এ বর্ণিত ইভেন্টসমূহে শিক্ষার্থী/দল নির্বাচন করে উপজেলায় প্রেরণ করবে। উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলায়, জেলা পর্যায়ের বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন। এই নির্বাচন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট বিষয়ের পারদর্শী বা বিশেষজ্ঞগণের সমন্বয়ে গঠিত বিচারকবৃন্দের মাধ্যমে বিচার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৪.১ ইভেন্টসমূহ:

৪.১.১ কেরাত

৪.১.২ হামদ্/নাত

৪.১.৩ বাংলা রচনা প্রতিযোগিতা [বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট]

৪.১.৪.১ ইংরেজি রচনা প্রতিযোগিতা [(৬ষ্ঠ থেকে ৮ম এবং ৯ম থেকে ১০ম শ্রেণি) (বিষয়: অনির্ধারিত, বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট]

৪.১.৪.২ ইংরেজি বক্তব্য প্রতিযোগিতা (১১শ থেকে ১২শ এবং ১৩শ থেকে ১৭শ শ্রেণি)

৪.১.৫ বাংলা কবিতা আবৃত্তি (স্বরচিত/নির্বাচিত)

৪.১.৬ বিতর্ক প্রতিযোগিতা (একক)

৪.১.৭ দেশাত্মবোধক গান

৪.১.৮ রবীন্দ্রসংগীত

৪.১.৯ নজরুলসংগীত

৪.১.১০ উচ্চাঙ্গসংগীত

৪.১.১১ লোকসংগীত (ভাওয়াইয়া, ভাটিয়ালী, পল্লীগীতি, লালনগীতি)

৪.১.১২ জারীগান (দলভিত্তিক)

৪.১.১৩ নির্ধারিত বক্তৃতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ

৪.১.১৪ নৃত্য (উচ্চাঙ্গ)

৪.১.১৫ লোক নৃত্য।

৪.১.১৬ তাৎক্ষণিক অভিনয়

৫.০ **গ্রুপসমূহ:**

৫.১ **নিম্নোক্ত গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:**

| ক্র. নং | পর্যায় | প্রতিযোগিতার গ্রুপ |
|---|---|---|
| ১. | ৬ষ্ঠ শ্রেণি থেকে ৮ম শ্রেণি বা সমপর্যায় | গ্রুপ-ক |
| ২. | ৯ম শ্রেণি থেকে ১০ম শ্রেণি বা সমপর্যায় | গ্রুপ-খ |
| ৩. | ১১শ শ্রেণি থেকে ১২শ শ্রেণি বা সমপর্যায় | গ্রুপ-গ |
| ৪. | ১৩শ শ্রেণি থেকে ১৭শ শ্রেণি বা সমপর্যায় | গ্রুপ-ঘ |

***** ২০২৪ সালের এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।**

***** যে প্রতিযোগী দল/ যে শ্রেণিভিত্তিক গ্রুপ/ যে বিষয়ে ২০২৩ সালের প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে প্রথম হয়েছেন ঐ প্রতিযোগী/দল ২০২৪ সালের প্রতিযোগিতায় একই বিষয়/গ্রুপে অংশগ্রহণ করতে পারবে না।**

৫.২ উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলায়, জেলা পর্যায়ের বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন। শুধুমাত্র জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় ৪.১.১ থেকে ৪.১.১৬ ইভেন্টের প্রতিটি হতে ১ম, ২য় ও ৩য় স্থান নির্বাচন করা হবে।

৫.৩ প্রতিটি প্রতিষ্ঠান থেকে নিম্নোক্ত শ্রেণিতে শিক্ষার্থী/শিক্ষক/গ্রুপ নির্বাচন করে উপজেলায় প্রেরণ করবেন। উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলায়, জেলা পর্যায়ের বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন।

৫.৩.১ শ্রেষ্ঠ শিক্ষার্থী
৫.৩.২ শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক
৫.৩.৩ শ্রেষ্ঠ স্কাউট
৫.৩.৪ শ্রেষ্ঠ গার্ল গাইডস
৫.৩.৫ শ্রেষ্ঠ রোভার
৫.৩.৬ শ্রেষ্ঠ রেঞ্জার
৫.৩.৭ শ্রেষ্ঠ বি.এন.সি.সি
৫.৩.৮ শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ
৫.৩.৯ শ্রেষ্ঠ গার্ল গাইডস গ্রুপ
৫.৩.১০ শ্রেষ্ঠ রোভার গ্রুপ
৫.৩.১১ শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ
৫.৩.১২ শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ
৫.৩.১৩ শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক
৫.৩.১৪ শ্রেষ্ঠ গার্ল গাইডস শিক্ষক
৫.৩.১৫ শ্রেষ্ঠ রোভার শিক্ষক
৫.৩.১৬ শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক
৫.৩.১৭ শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক

৫.৪ উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন কার্যক্রমে অংশগ্রহণের জন্য প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবরে প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য (জীবনবৃত্তান্ত ও প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য) এবং প্রতিষ্ঠান থেকে সকল বিষয়ের প্রতিযোগিতা ও নির্বাচন সম্পন্ন করে বিজয়ী ও শ্রেষ্ঠদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব এলাকার উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দপ্তরে পৌঁছাতে হবে।

৫.৫ জেলা কমিটি জেলা পর্যায়ে ০১ জন শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নির্বাচন করে তাঁর নাম প্রয়োজনীয় কাগজপত্রসহ আঞ্চলিক পরিচালকের নিকট প্রেরণ করবে। আঞ্চলিক কমিটি অঞ্চল পর্যায়ে সংশ্লিষ্ট জেলাসমূহ থেকে প্রাপ্ত উপজেলা মাধ্যমিক

শিক্ষা কর্মকর্তাদের মধ্য হতে শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং একজন শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা নির্বাচন করে তাঁর নাম প্রয়োজনীয় কাগজপত্রসহ জাতীয় পর্যায়ে প্রেরণ করবে।

৫.৬ মহানগর থানা কমিটি (ঢাকা মহানগর থানা কমিটি বাদে) মহানগরী পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন করে সকল নির্বাচিত ও বিজয়ীদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট জেলায় প্রেরণ করবেন। শুধু ঢাকা মহানগরী থানা কমিটি মহানগরীর শিক্ষা থানা পর্যায়ের নির্বাচন ও প্রতিযোগিতা সম্পন্ন করে সকল নির্বাচিত ও বিজয়ীদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ ঢাকা মহানগর কমিটির নিকট প্রেরণ করবে।

৫.৭ সকল আঞ্চলিক কমিটি এবং ঢাকা মহানগর কমিটি নির্ধারিত তারিখে প্রতিযোগিতা সম্পন্ন করে সকল নির্বাচিত ও বিজয়ীদের তালিকা প্রয়োজনীয় কাগজপত্রসহ অনধিক দুই দিনের মধ্যে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা বরাবর সরাসরি হার্ডকপি এবং সফটকপি পৌছানো নিশ্চিত করবে।

৫.৮ ৫.৩ এ বর্ণিত শ্রেণিসমূহ, ৫.৪ বর্ণিত শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠান এবং ৫.৫ এ বর্ণিত শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা ও শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিজয়ী নির্বাচনের ক্ষেত্রে এ নীতিমালার ৬.০ (নির্বাচন পদ্ধতি) অনুচ্ছেদের মূল্যায়ন/নম্বর প্রদান নির্দেশনা অনুসরণ করে অংশগ্রহণকারীদের প্রয়োজনীয় তথ্য যাচাই করতে হবে।

৫.৯ সংশ্লিষ্ট বিষয়ের পারদর্শী বা বিশেষজ্ঞগণের সমন্বয়ে গঠিত বিচারক প্যানেল প্রতিযোগীর মূল কাগজপত্র তাঁর উপস্থিতিতে যাচাই করবেন এবং নীতিমালার ৬.০ (নির্বাচন পদ্ধতি) অনুচ্ছেদের আলোকে সাক্ষাৎকার গ্রহণ করে বিজয়ী নির্বাচন করবেন।

৫.১০ যে প্রতিযোগী/প্রতিষ্ঠান যে বিষয়ে ২০২৩ সালের প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ হয়েছে, ঐ প্রতিযোগী/প্রতিষ্ঠান ২০২৪ সালের প্রতিযোগিতায় ঐ বিষয় অংশগ্রহণ করতে পারবে না।

## ৬.০ নির্বাচন পদ্ধতি:

**৬.১ (ক) শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচন (একটি প্রতিষ্ঠান হতে একজন শ্রেষ্ঠ শিক্ষার্থীর নাম প্রেরণ করতে হবে)**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়নের নির্দেশনা | |
|---|---|---|---|---|
| ১. | বিগত বার্ষিক /পাবলিক পরীক্ষার ফল | ২০ | ৬ষ্ঠ-৭ম শ্রেণির শিক্ষার্থীদের সকল বিষয়ের ১০০% পারদর্শিতার ক্ষেত্রে অনন্য ২০; ৯০% পারদর্শিতার ক্ষেত্রে অনন্য ১৮; ৮০% পারদর্শিতার ক্ষেত্রে অনন্য ১৬; ৭০% পারদর্শিতার ক্ষেত্রে অনন্য ১৪।<br>অন্যান্য শ্রেণির শিক্ষার্থীর জন্য-<br>চতুর্থ বিষয় ছাড়া জিপিএ-৫ হলে ২০; চতুর্থ বিষয়সহ জিপিএ-৫ হলে ১৮; ৪.৫ বা ৪.৫ এর বেশি কিন্তু ৫ এর কম হলে ১৬; ৪ বা ৪ এর বেশি কিন্তু ৪.৫ এর কম হলে ১৪ (এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমানের ২০২৩ সালের পরীক্ষার ফলাফল বিবেচ্য হবে। বার্ষিক পরীক্ষার ক্ষেত্রে ২০২৩ সালে অনুষ্ঠিত সকল পরীক্ষার ফলাফল বিবেচনায় নিতে হবে।) | |
| ২. | উপস্থিতির শতকরা হার | ১৫ | শতকরা হার | প্রাপ্ত মান |
| | | | ৯৫ অথবা ৯৫ এর তদূর্ধ্ব | ১৫ |
| | | | ৯০ বা ৯০ এর বেশি এবং ৯৫ এর কম | ১২ |
| | | | ৮৫ বা ৮৫ এর বেশি এবং ৯০ এর কম | ১০ |
| | | | ৮০ বা ৮০ এর বেশি এবং ৮৫ এর কম | ০৮ |
| | | | ৭৫ বা ৭৫ এর বেশি এবং ৮০ এর কম | ০৪ |
| | | | ৭৫ এর কম | ০ |
| ৩. | সংগীত/ নৃত্য/ বাদ্য/ চারু/ কারু/ আবৃত্তি/ অভিনয় দক্ষতা | ১০ | আন্তর্জাতিক পুরস্কারের জন্য-১০, জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য-০৮, বিভাগীয় পর্যায়ের পুরস্কারের জন্য ০৬, জেলা পর্যায়ের পুরস্কারের জন্য ০৪, উপজেলা পর্যায়ের পুরস্কারের জন্য ০২, এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য ০১ নম্বর পাবে (যে কোন একটি প্রযোজ্য) | |
| ৪. | খেলাধুলা /ক্রীড়া দক্ষতা | ১০ | আন্তর্জাতিক পুরস্কারের জন্য ১০, জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য ০৮, বিভাগীয় পর্যায়ের পুরস্কারের জন্য ০৬, জেলা পর্যায়ের পুরস্কারের জন্য ০৪, উপজেলা পর্যায়ের পুরস্কারের জন্য ০২, এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য ০১ নম্বর পাবে (যে কোন একটি প্রযোজ্য) | |

| | | | |
|---|---|---|---|
| ৫. | সৃজনশীল লেখা | ১০ | আন্তর্জাতিক পর্যায়ের প্রকাশনায় ১০, জাতীয় পর্যায়ের প্রকাশনায় লেখা ০৮, বিভাগীয় পর্যায়ের প্রকাশনায় লেখা ০৬, জেলা পর্যায়ের প্রকাশনায় লেখা ০৪, উপজেলা পর্যায়ের প্রকাশনায় লেখা ০২, প্রতিষ্ঠান পর্যায়ে (প্রতিষ্ঠানের বার্ষিকী/ সাময়িকী/ দেয়ালিকা) লেখা ০১ (যে কোন একটি প্রযোজ্য) |
| ৬. | স্কাউট/ গার্ল গাইডস/ বিএনসিসি/ রোভার/ রেঞ্জার/ ক্লাব কার্যক্রমে সম্পৃক্ততা | ৫ | যেকোন দল পর্যায়ের সদস্য হতে হবে। তিন বা ততোধিক কর্মসূচিতে অংশগ্রহণের জন্য-০৫, দুটি কর্মসূচিতে অংশগ্রহণের জন্য-০৪, একটি কর্মসূচিতে অংশগ্রহণের জন্য-০৩, কোন কর্মসূচিতে অংশগ্রহণ না করার ক্ষেত্রে-০ (যে কোন একটি প্রযোজ্য) |
| ৭. | নেতৃত্বদানের ক্ষমতা | ৫ | ক্লাস ক্যাপ্টেন থাকা, বিভিন্ন দলীয় কাজে নেতৃত্বদান, সহপাঠীদের বিভিন্ন প্রয়োজনের বিষয়ে কর্তৃপক্ষকে অবহিতকরণ ইত্যাদির আলোকে মূল্যায়ন করতে হবে। |
| ৮. | সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ | ৫ | সামাজিক সমস্যা সমাধানের জন্য ০৫ এবং প্রতিষ্ঠানভিত্তিক সমস্যা সমাধানের জন্য ০৩ (যে কোন একটি প্রযোজ্য) |
| ৯ | বিজ্ঞান প্রজেক্ট/ বিজ্ঞান মেলায় অংশগ্রহণ/ অলিম্পিয়াড | ৫ | জাতীয় পর্যায়ে ০৫, বিভাগীয় পর্যায়ে ০৪, জেলা পর্যায়ে ০৩, উপজেলা পর্যায়ে ০২, প্রতিষ্ঠান পর্যায়ে ০১ (যে কোন একটি প্রযোজ্য) |
| ১০ | ডিজিটাল লিটারেসি বিষয়ে দক্ষতা | ৫ | শিক্ষার্থীর পর্যায় বিবেচনা করে মূল্যায়ন করবেন |
| ১১ | নৈতিক দৃঢ়তা | ৫ | প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থীর নৈতিক গুণাবলি, মূল্যবোধ ইত্যাদি পর্যবেক্ষণ করে এতদসংক্রান্ত প্রত্যয়ন প্রদান করবেন এবং মূল্যায়ন করবেন |
| ১২ | বিতর্ক/উপস্থিত বক্তৃতা | ৫ | জাতীয় পর্যায়ে ০৫, বিভাগীয় পর্যায়ে ০৪, জেলা পর্যায়ে ০৩, উপজেলা পর্যায়ে ০২, প্রতিষ্ঠান পর্যায়ে ০১ (যে কোন একটি প্রযোজ্য) |
| | **মোট নম্বর** | ১০০ | |

**(খ) শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক নির্বাচন**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/ নম্বর প্রদানের নির্দেশনা | | | |
|---|---|---|---|---|---|---|
| ০১. | শিক্ষাগত যোগ্যতা | ১০ | প্রতিষ্ঠান পর্যায় | পরীক্ষার নাম | ফলাফল | প্রদেয় নম্বর |
| | | | স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি | এসএসসি/সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ১ |
| | | | | এইচএসসি/সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ১ |
| | | | | চার বছর মেয়াদি অনার্স/ তিন বছর মেয়াদি অনার্সসহ মাস্টার্স (উভয়টিতে ১ম শ্রেণি/ সমমানের জিপিএ) এর জন্য- ৩; স্নাতক(ডিগ্রি)সহ মাস্টার্স (উভয়টিতে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের জিপিএ) এর জন্য- ৩; (যেকোন একটিতে ১ম বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ এবং আরেকটিতে ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএর জন্য-২; উভয়টিতে ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের জিপিএর জন্য -১) | | ৩ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | স্কুল ও সমপর্যায়ের প্রতিষ্ঠানের ক্ষেত্রে পেশাগত ডিগ্রি | বি.এড. সহ এম.এড এর জন্য -৩; শুধু এম.এড এর জন্য -২; শুধু বি.এড এর জন্য -১; (যেকোন একটি বিবেচিত হবে) | ৩ |
| | | | কলেজ ও সমপর্যায়ের প্রতিষ্ঠানের ক্ষেত্রে | পিএইচ.ডি. এর জন্য -৩; এম.ফিল. এর জন্য -২ (যেকোন একটি বিবেচিত হবে) | ৩ |

| | | | |
|---|---|---|---|
| ০২. | শিক্ষকতার অভিজ্ঞতা | ৫ | প্রতি ০৫ বছরের জন্য ১ নম্বর করে সর্বাধিক ২৫ বছরের অভিজ্ঞতাকে মূল্যায়ন করতে হবে। |
| ০৩. | বিষয়ভিত্তিক জ্ঞান ও নিষ্ঠা | ৮ | বিষয়ভিত্তিক জ্ঞান ভাল মর্মে শিক্ষার্থী, সহকর্মী, প্রতিষ্ঠান প্রধান ক্ষেত্রমতে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির মধ্যে খ্যাতি আছে এবং নিয়মিত শ্রেণি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আগ্রহী ও স্বাচ্ছন্দবোধ করেন ইত্যাদি বিবেচনায় মূল্যায়ন করতে হবে। |
| ০৪. | শিক্ষা উপকরণ ব্যবহার | ২ | লো-কস্ট, নো-কস্ট (লাগসই, সহজলভ্য) শিক্ষা উপকরণ ব্যবহারের দক্ষতা |
| ০৫. | মূল্যায়ন পারদর্শিতা/ প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন | ৫ | প্রশিক্ষণসহ প্রশ্নপত্র প্রণয়ন এবং ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ন/উত্তরপত্র মূল্যায়ন (প্রযোজ্য ক্ষেত্রে); প্রশিক্ষণ না থাকলে-৩ |
| ০৬. | ছাত্র-ছাত্রী, অভিভাবক, সহকর্মী ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার মনোভাব | ৫ | জাতীয় দিবসসমূহ উদযাপন, শিক্ষা সফর, বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান আয়োজন, প্রতিষ্ঠানের বার্ষিকী/দেয়ালিকা প্রকাশ, বার্ষিক ধর্মীয় অনুষ্ঠান এবং অন্যান্য অনুষ্ঠানাদিতে শিক্ষার্থী, অভিভাবক, সহকর্মী ও কর্তৃপক্ষের সাথে তিনি কীভাবে অংশগ্রহণ করেন তার নিরীখে মূল্যায়ন করতে হবে। |
| ০৭. | চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা, উদ্যম, পোশাক-পরিচ্ছদ, চ্যালেঞ্জ গ্রহণের সক্ষমতা | ১০ | সংশ্লিষ্ট শিক্ষকের চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা, উদ্যম, পোশাক-পরিচ্ছদ, চ্যালেঞ্জ গ্রহণের সক্ষমতা সম্পর্কে শিক্ষার্থী, সহকর্মী, প্রতিষ্ঠান প্রধান ও প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যগণের যে সাধারণ ধারণা আছে মূল্যায়নের ক্ষেত্রে তার প্রতিফলন থাকতে হবে । |
| ০৮. | শ্রেণিকক্ষে প্রযুক্তি ব্যবহার ও মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ দক্ষতা | ১০ | প্রযুক্তি ব্যবহার দক্ষতা-২ এবং শিক্ষক বাতায়ন থেকে কনটেন্ট ডাউনলোড ও আপলোড দক্ষতা-২, অনলাইন ক্লাস পরিচালনা দক্ষতা-৩, teachers.gov.bd এর সদস্য হলে-২ তবে সদস্য না হলে -০, মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ দক্ষতা-১ |
| ০৯. | পাঠ্যপুস্তক প্রণয়ন | ৫ | ISBN থাকলে-৫, ISBN না থাকলে-৩ |
| ১০. | পেশাগত/গবেষণামূলক সৃজনশীল প্রকাশনা | ১০ | আন্তর্জাতিক খ্যাতনামা জার্নালে একটি প্রকাশনা-১০, জাতীয় জার্নালে দুইটি প্রকাশনা -৫×২=১০, জাতীয় পত্রিকায় সৃজনশীল প্রতিটি প্রকাশনা-২ করে অনধিক -১০ |
| ১১. | গুণগতমানের শিক্ষায় উদ্ভাবনী/ সৃজনশীল উদ্যোগ ও উত্তমচর্চার নিদর্শন। কমিটির কাজে দক্ষ ও আর্থিক শৃঙ্খলা | ১০ | প্রতিষ্ঠানে উদ্ভাবনীমূলক উৎকর্ষ সাধন, ভিশন-২০৪১, এসডিজি-৪ কে সামনে রেখে লক্ষ্য নির্ধারণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিতে হবে-৫, ক্যাম্পাসে উত্তমচর্চার নিদর্শন মূল্যায়ন করতে হবে-২, কমিটির কাজে দক্ষ ও আর্থিক শৃঙ্খলা-৩ । |
| ১২. | মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান | ৫ | সনদ যাচাইপূর্বক নম্বর প্রদান করতে হবে |
| ১৩. | **কার্যকর শ্রেণি কার্যক্রম পরিচালনা পারদর্শিতা** | ১৫ | সংশ্লিষ্ট শিক্ষক যে বিষয়ে শ্রেণিতে **পাঠ উপস্থাপন** করেন সেই বিষয় ও শ্রেণির শিক্ষার্থীদের মূল্যায়নের ভিত্তিতে প্রতিষ্ঠান প্রধান নম্বর প্রদান করবেন এবং মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করবেন। |
| | মোট নম্বর | ১০০ | |

**ঙ) শ্রেষ্ঠ বি.এন.সি.সি নির্বাচন**

| মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/ নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|
| কাজের অভিজ্ঞতার জন্য | ০৬ | ১ বছর হলে ২ নম্বর<br>২ বছর হলে ৪ নম্বর<br>৩ বছর বা তদূর্ধ্ব হলে ৬ নম্বর |
| বিগত বছরে বিদেশ গমন (বিএনসিসি কর্তৃক নির্বাচিত ) | ০৪ | সফরকারী দলের সদস্য<br>১ বার=২ নম্বর<br>২ বার=৪ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| র‍্যাংক প্রাপ্তি (ক্যাডেট থেকে CUO পর্যন্ত) | ১০ | ল্যান্স কর্পোরালের জন্য ২ নম্বর<br>কর্পোরালের জন্য ২ নম্বর<br>সার্জেন্টের জন্য ৩ নম্বর<br>সিইউও এর জন্য ৩ নম্বর |
| প্রশিক্ষণে (BT, RT, CT, বিজয় দিবস, শীতকালীন প্রশিক্ষণ, বিশেষ ক্যাম্প, কম্পিউটার ট্রেনিং) অংশগ্রহনের জন্য | ১০ | প্রতি প্রশিক্ষণের জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| অন্যান্য গুণাবলি (বেস্ট ক্যাডেট, বেস্ট ড্রিল, বেস্ট ফায়ারার, বেস্ট কালচারাল যেমন; নাচ, গান, আবৃত্তি, বিতর্ক ইত্যাদি) | ০৫ | প্রতিটি গুণাবলির জন্য ১ করে সর্বোচ্চ ৫ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| দায়িত্ব পালন (প্যারেড কমান্ডার, ক্যাডেট এ্যাডজুটেন্ট, RSM, BSM, QTM, Medical Sgnt, RP Sgnt, Cultural Sgnt) | ০৫ | প্রতিটি দায়িত্ব পালনের জন্য ১ করে সর্বোচ্চ ৫ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| উন্নয়নমূলক কর্মসূচিতে অংশগ্রহণ (জাতীয় কার্যক্রম ও বিএনসিসি কর্তৃক নির্দেশিত কার্যক্রম) | ১০ | প্রতিটি দায়িত্ব পালনের জন্য ২ করে সর্বোচ্চ ১০ নম্বর<br>প্রমাণক হিসাবে ছবি ও সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| মোট নম্বর | ৫০ | |

**চ) শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ নির্বাচন**

| মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|
| বিএনসিসি প্লাটুনের বয়স | ১০ | ১ বছর হলে ২ নম্বর<br>২ বছর হলে ৪ নম্বর<br>৩ বছর হলে ৬ নম্বর<br>৪ বছর হলে ৮ নম্বর<br>৫ বা তদূর্ধ্ব বছর হলে ১০ নম্বর |
| বিদেশ গমন (বিএনসিসি কর্তৃক নির্বাচিত ) | ০৬ | সফরকারী দলের সদস্য হিসেবে বিদেশে গমন<br>(বিগত বছর ও চলমান বছরের জন্য)<br>১ জন হলে ৩ নম্বর<br>২ জন বা তদূর্ধ্ব হলে ৬ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |
| প্রশিক্ষণে অংশগ্রহনের জন্য (BT, RT, CT, বিজয় দিবস, শীতকালীন প্রশিক্ষণ বিশেষ ক্যাম্প) | ১০ | প্রতি প্রশিক্ষণের জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর<br>প্রমাণক হিসাবে সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৭ | কনটেন্ট তৈরি ও প্রজেক্টরের ব্যবহার | ৫ | কনটেন্ট এর হার্ডকপি প্রমাণক হিসাবে সংযুক্ত করতে হবে |
| | **মোট নম্বর=** | **৫০** | |

**ট) শ্রেষ্ঠ স্কাউট ও শ্রেষ্ঠ রোভার নির্বাচন:**

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ১ | কাজের অভিজ্ঞতার জন্য | ১০ | ১ বছর হলে ২ নম্বর; ২ বছর হলে ৪ নম্বর<br>৩ বছর হলে ৬ নম্বর; ৪ বছর হলে ৮ নম্বর<br>৫ বছর বা তদূর্ধ্ব হলে ১০ নম্বর |
| ২ | নৈপূণ্যসূচক ব্যাজ | ১০ | প্রতি ব্যাজ ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৩ | শাপলা, PS, PRS অ্যাওয়ার্ড প্রাপ্ত হলে | ১০ | প্রতিটি ৫ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৪ | ডেক্যাম্প, জেলা ক্যাম্প, বিভাগীয় ক্যাম্প এবং জাতীয় ও আন্তর্জাতিক ক্যাম্পে অংশগ্রহণের জন্য | ১০ | প্রতি ক্যাম্প ১ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৫ | অন্যান্য গুণাবলি (যেমন নাচ, গান, হামদ, নাত, তেলওয়াত, খেলাধুলা, সাহিত্য, বিতর্ক, হস্তশিল্প, অভিনয়, আত্মরক্ষার কৌশল ইত্যাদি) | ৫ | প্রতি গুণাবলির জন্য ১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর |
| ৬ | উন্নয়নমূলক ও অন্যান্য কর্মসূচিতে (কর্মশালা, প্রশিক্ষণ, র‍্যালি) অংশগ্রহণ | ৫ | উন্নয়নমূলক-৩<br>অন্যান্য কর্মসূচিতে-২ |
| | **মোট নম্বর=** | **৫০** | |

**(ঠ) শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ ও শ্রেষ্ঠ রোভার গ্রুপ নির্বাচন:**

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/ নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ১ | দলটির বয়স | ১০ | ১ বছর হলে ২ নম্বর; ২ বছর হলে ৪ নম্বর,<br>৩ বছর হলে ৬ নম্বর; ৪ বছর হলে ৮ নম্বর,<br>৫ বছর বা তদূর্ধ্ব হলে ১০ নম্বর |
| ২ | বিগত বছরে কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়িত কার্যক্রম মূল্যায়ন | ১০ | |
| ৩ | বিভিন্ন জাতীয় দিবসে দলের অংশগ্রহণ | ৫ | প্রতি দিবসে ১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর |
| ৪ | প্রকল্প প্রণয়ন পরিচালনা ও বাস্তবায়ন | ১০ | প্রতি প্রকল্প পরিচালনার জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৫ | জাতীয় পর্যায়ের কর্মসূচিতে অংশগ্রহণ | ১০ | প্রতি কর্মসূচিতে ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৬ | আন্তর্জাতিক পর্যায়ে কর্মসূচিতে অংশগ্রহণ | ৫ | |
| | **মোট নম্বর=** | **৫০** | |

(ড) শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক ও শ্রেষ্ঠ রোভার শিক্ষক নির্বাচন:

| ক্রমিক | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/ নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ১ | কাজের অভিজ্ঞতার জন্য | ১০ | ১ বছর হলে ২ নম্বর; ২ বছর হলে ৪ নম্বর, ৩ বছর হলে ৬ নম্বর; ৪ বছর হলে ৮ নম্বর, ৫ বছর বা তদূর্ধ্ব হলে ১০ নম্বর |
| ২ | কোর্স/ক্যাম্প পরিচালনার জন্য (শুধুমাত্র ২০২৩ সালের আলোকে মূল্যায়ন করা হবে) | ৮ | প্রতি পরিচালনার জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ৮ নম্বর |
| ৩ | উন্নয়নমূলক কর্মসূচিতে অংশগ্রহণ | ৮ | প্রতি পরিচালনার জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ৮ নম্বর |
| ৪ | প্রকল্প কার্যক্রমের জন্য (এক বছর) | ৫ | প্রতি প্রকল্প ২ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর |
| ৫ | প্রশিক্ষণের পর্যায়সমূহ (বেসিক, স্কিল ওরিয়েন্টেশন, এডভান্স, উড ব্যাজ) | ১০ | প্রতি প্রশিক্ষণের জন্য ২ নম্বর করে সর্বোচ্চ ১০ নম্বর |
| ৬ | দেশের বাইরে প্রশিক্ষণে অংশগ্রহণ | ৫ | |
| ৭ | কনটেন্ট তৈরি ও প্রজেক্টরের ব্যবহার | ৪ | |
| | মোট নম্বর= | ৫০ | |

(ঢ) শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নির্বাচন:

(i) শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন/ নম্বর প্রদানের নির্দেশনা | | |
|---|---|---|---|---|---|
| ০১. | শিক্ষাগত যোগ্যতা | ১৫ | সনদ | ফলাফল | প্রদেয় নম্বর |
| | | | এসএসসি/সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ৩ |
| | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | এইচএসসি/সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ৩ |
| | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | চার বছর মেয়াদি অনার্স/ তিন বছর মেয়াদি অনার্সসহ মাস্টার্স (উভয়টিতে ১ম শ্রেণি/ সমমানের জিপিএ) এর জন্য- ৫; স্নাতক(ডিগ্রি)সহ মাস্টার্স (উভয়টিতে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের জিপিএ) এর জন্য- ৫; যেকোন একটিতে ১ম বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ এবং আরেকটিতে ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএর জন্য-৩; উভয়টিতে ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের জিপিএর জন্য -২ | ৫ | |
| | | | বি.এড. সহ এম.এড এর জন্য – ৪; শুধু এম.এড এর জন্য -২; শুধু বি.এড এর জন্য -১ (যেকোন একটি বিবেচিত হবে) | ৪ | |